

**প্রেসিডেন্ট সকাশ
ভার্সিটি সিন্ডিকেট
উচ্চ শিক্ষার
সমস্যা নিয়ে
আলোচনা**

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্যরা ভাইস-চ্যান্সেলর প্রফেসর এম শামসুল হকের নেতৃত্বে গতকাল বিকেলে বঙ্গভবনে প্রেসিডেন্ট ও প্রধান সাময়িক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের সঙ্গে দেখা করেছেন। তারা বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর প্রেসিডেন্ট এরশাদকে সম্মানিতভাবে উচ্চ শিক্ষার এবং বিশেষভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষার সমস্যা অবহিত করেন। তাকে পরীক্ষা গৃহণ শেষ পঃ ৭-এর কঃ দঃ

উচ্চ শিক্ষার

(১-এর পরে পর)
সংক্রান্ত পরিস্থিতিও জানানো হয়। উচ্চশিক্ষা পরীক্ষা গৃহণ এবং এর প্রশাসন সংক্রান্ত পরিস্থিতি গবেষণার জন্য সিন্ডিকেট সদস্যরা চ্যান্সেলরকেও অনুরোধ জানান। তারা দেশে উচ্চশিক্ষার চাহিদা ও প্রয়োজন মেটাতে জাতির বৃত্তের স্বার্থে বাস্তবধর্মী নীতি গৃহণের ওপর জোর দেন। আলোচনাকালে সিন্ডিকেট সদস্যদের উত্থাপিত প্রশ্নগুলো সম্বন্ধে প্রেসিডেন্ট বিস্তারিত খোঁজখবর করেন এবং আশ্বাস দেন যে সরকার এসব সমস্যার সন্তোষজনক সমাধানের উদ্যোগ নেবে।

শিক্ষামন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী ও শিক্ষা সচিব (তিনি চ্যান্সেলরেরও সচিব) অন্তর্দানে উপস্থিত ছিলেন।